822

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
www.banbeis.gov.bd

স্মারক নং- ৩৭.২০.০০০০.০০১.১৮.০০২.১৯/ ৪৮৫৬

তারিখ: ১১ পৌষ ১৪২৮
২৬ ডিসেম্বর ২০২১

## বিজ্ঞপ্তি

**বিষয়ঃ শিক্ষাতথ্য অ্যাপের মাধ্যমে শিক্ষাতথ্য সরবরাহ সেবার ডিজিটাইজেশন।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এর বিদ্যমান সেবাসমূহ ডিজিটাইজেশনের অংশ হিসেবে শিক্ষাতথ্য সেবা সরবরাহের উদ্দেশ্যে 'শিক্ষাতথ্য অ্যাপ' প্রণয়ণ করা হয়েছে। সংশ্লিষ্ট শিক্ষাতথ্য সেবা প্রত্যাশীগণ Google Play Store থেকে বিনামূল্যে শিক্ষাতথ্য অ্যাপটি ডাউনলোড করে প্রয়োজনীয় শিক্ষা সংক্রান্ত তথ্য সংগ্রহ করতে পারবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মো: কায়ছার রহমান)
পরিচালক
☎ ৫৫১৫২১০২
ই-মেইল: director@banbeis.gov.bd

অধিদপ্তর/ দপ্তর/ সংস্থার নাম: বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)

১। ডিজিটাইজকৃত সেবার শিরোনাম: **শিক্ষাতথ্য অ্যাপের মাধ্যমে শিক্ষাতথ্য সরবরাহ সেবার ডিজিটাইজেশন।**

২। কীভাবে যাত্রা শুরু/ পটভূমি:

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) প্রতিবছর বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপ এর মাধ্যমে দেশের সকল পোস্ট-প্রাইমারি শিক্ষাপ্রতিষ্ঠানের তথ্য সংরক্ষণ , প্রক্রিয়াকরণ ও প্রকাশ করে থাকে। এছাড়াও উক্ত জরিপের মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে ব্যনবেইস বিভিন্ন দপ্তর, সংস্থা ও অংশীজনকে চাহিতব্য শিক্ষা সংক্রান্ত তথ্য সরবরাহ করে থাকে। এক্ষেত্রে উক্ত দপ্তর, সংস্থা ও অংশীজন ব্যানবেইসে আবেদন/ যোগাযোগের মাধ্যমে তথ্য সংগ্রহ করে থাকে। শিক্ষাতথ্য সরবরাহের আবেদনের পরিপ্রেক্ষিতে ব্যানবেইস কর্তৃক প্রতি সপ্তাহে গড়ে ৭-১০ টি দপ্তর/ সংস্থা/ অংশীজনদের শিক্ষা সংক্রান্ত তথ্য সরবরাহ করা হয়ে থাকে। এছাড়াও টেলিফোনিক যোগাযোগের মাধ্যমেও অসংখ্য সেবা প্রত্যাশীগণকে শিক্ষা সংক্রান্ত তথ্য সরবরাহ করা হয়ে থাকে।

শিক্ষা তথ্যসেবাকে  সকলের হাতের মুঠোয় পৌছে দেয়ার জন্য ব্যানবেইস একটি শিক্ষাতথ্য অ্যাপ প্রস্তুতের কাজ হাতে নিয়েছে। উক্ত অ্যাপের মাধ্যমে যেকোন ব্যক্তি বা সংস্থা যেকোন সময় পোস্ট-প্রাইমারি শিক্ষা সংক্রান্ত বেসিক তথ্যসমূহ সহজেই পেয়ে যাবে এবং ব্যবহার করতে পারবে। এতে করে সেবা প্রত্যাশীদের টিসিভি হ্রাস অর্থাৎ সেবা প্রাপ্তির সময়কাল, সাক্ষাতের সময় ও যাতায়াত ব্যয় হ্রাস করে মানসম্পন্ন সেবা প্রদান নিশ্চিত করা সম্ভবপর হবে। শিক্ষাতথ্য সেবা প্রত্যাশীগণ Google Play Store থেকে বিনামূল্যে 'শিক্ষাতথ্য অ্যাপ' টি ডাউনলোড করে সহজেই প্রয়োজনীয় শিক্ষা সংক্রান্ত তথ্য সংগ্রহ করতে পারবেন।

- বিদ্যমান সমস্যা/ চ্যালেঞ্জসমূহ:


  - তথ্য সংগ্রহে সশরীরে হাজির হওয়া,
  - তথ্য প্রদান প্রক্রিয়ায় একাধিক বিভাগের সংশ্লিষ্টতা,
  - তথ্য প্রদানে ম্যানুয়াল পদ্ধতির ব্যবহার,
  - নীতি নির্ধারণ, গবেষণা কার্য ও প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে বিঘ্ন ঘটে,
  - বিভিন্ন কর্মকর্তার নিকট যেতে হয়।


- অনুপ্রেরণার উৎস:


বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো(ব্যানবেইস) দেশের সকল পোস্ট-প্রাইমারি শিক্ষা প্রতিষ্ঠানের তথ্যসংগ্রহ, সংকলন ও প্রক্রিয়াকরণ করে প্রতিবছর Bangladesh Education Statistics শিরোনামে প্রতিবেদন প্রকাশ করে থাকে। দ্রুত প্রসারমান শিক্ষাসেক্টরে সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য নির্ভরযোগ্য তথ্যের প্রয়োজন। শিক্ষা পরিকল্পনাকারী, গবেষক ও শিক্ষাব্যবস্থাপকগণকে চাহিদা অনুযায়ী নির্ভুল তথ্য সরবরাহ নিশ্চিত করা ব্যানবেইস এর পরিসংখ্যান বিভাগের মূল দায়িত্ব। অনেক সময় শিক্ষা ব্যবস্থাপকগণের পক্ষে বিশাল ভলিউমের প্রতিবেদন/ ওয়েবসাইট সার্চ করে চাহিদা মোতাবেক তথ্য প্রাপ্তিতে বিলম্ব/ বাধাঁর সৃষ্টি হয়। তাই প্রতিনিয়তই তাঁরা শিক্ষা সংক্রান্ত পরিকল্পনা গ্রহণ করতে তথ্যের জন্য ব্যানবেইস এর শরাণাপন্ন হন এবং বিভিন্ন টেবিল ঘুরে চাহিত তথ্য প্রাপ্তিতে বিলম্ব ঘটে। এ সমস্যা নিরসনকল্পে ব্যানবেইস এর মহাপরিচালক পরিসংখ্যান বিভাগকে উদ্যোগী হতে নির্দেশ প্রদান করেন। তিনি পরিসংখ্যান বিভাগকে অভিনব এক চিন্তার খোরাক দেন। তিনি ধারনা দেন যে, বর্তমান তথ্যপ্রযুক্তির যুগে দেশের জনগণ মোবাইল অ্যাপস্ এর মাধ্যমে ঘরে বসে যাবতীয় সেবা পাচ্ছে তবে শিক্ষা পরিকল্পনাবিদগণ কেন তথ্যের জন্য বারবার ব্যানবেইস এ আসবেন। মূলত এ ধারনা থেকেই ব্যানবেইস শিক্ষাতথ্য অ্যাপ তৈরীর উদ্যোগ গ্রহণ করে। এটি একটি অভিনব তথ্য-উপাত্ত প্রাপ্তির


| সূচক | পূর্ব | বর্তমান | পরিবর্তন |
|---|---|---|---|
| T | ০৭ দিন | তাৎক্ষনিক | ০৭ দিন সময় সাশ্রয় |
| C | ২০০০ টাকা (যাতায়াত বাবদ) | ০ (শূন্য) টাকা | ২০০০ টাকা অর্থ সাশ্রয় |
| V | ২ টি | - | কোন ভিজিট লাগবেনা |

৫। শিক্ষা তথ্য অ্যাপ এর স্ক্রিনশট:





৬। বাস্তবায়নে পরিসংখ্যান বিভাগ, ব্যানবেইস।

## সেবা ডিজিটাইজেশন প্রসেস ম্যাপ

সেবার নাম: শিক্ষাতথ্য সরবরাহ

### <u>বিদ্যমান সেবা প্রক্রিয়ার প্রসেস ম্যাপ</u>


- ধাপ সংখ্যা: ০৫
- সম্পৃক্ত জনবল: ০৭ জন
- সময়: ০৭ দিন




**বিবরণ:** বিদ্যমান সেবা প্রক্রিয়ায় সেবা গ্রহনের জন্য সেবা গ্রহিতাকে প্রথমে চাহিতব্য তথ্যের জন্য মহাপরিচালক, ব্যানবেইস বরাবর একটি আবেদন দাখিল করতে হয়। দাখিলকৃত আবেদনটি মহাপরিচালকের দপ্তর থেকে পরিসংখ্যান বিভাগে প্রেরণ করা হয়। পরিসংখ্যান বিভাগ

চাহিতব্য তথ্যসমূহ প্রস্তুত করে অনুমোদনের নিমিত্তে মহাপরিচালক বরাবর নথি উপস্থাপন করে। অত:পর মহাপরিচালক কর্তৃক অনুমোদিত হলে পত্রের মাধ্যমে সেবা গ্রহিতাকে তথ্য সরবরাহ করা হয়। মহাপরিচালক কর্তৃক অনুমোদিত না হলে তা পুনরায় যাচাই এর জন্য পরিসংখ্যান বিভাগে প্রেরিত হয় এবং যাচাইপূর্বক পুনরায় উপস্থাপিত হলে অনুমোদন সাপেক্ষে সেবা গ্রহিতাকে পত্রের মাধ্যমে অবহিত করা হয়। এই প্রক্রিয়ায় ০৫ টি ধাপে প্রায় ০৭ দিন সময় প্রয়োজন হয় এবং এতে প্রায় ০৭ জন জনবল সম্পৃক্ত করতে হয়।

## <u>সেবা প্রক্রিয়ার ডিজিটাইজেশন প্রসেস ম্যাপ</u>




**বিবরণ:** ডিজিটাইজকৃত সেবা প্রক্রিয়ায় সেবা গ্রহণকারী তার স্মার্টফোনে Google Play Store থেকে শিক্ষাতথ্য অ্যাপটি ডাউনলোড করতে হবে। অত:পর অ্যাপে সংরক্ষিত বিভিন্ন স্তর ও জেলাভিত্তিক বিভিন্ন শিক্ষা সুচকের তথ্য থেকে অনায়াসেই চাহিতব্য তথ্য সংগ্রহ করতে পারবেন। এই প্রক্রিয়ায় সেবা গ্রহনের TCV পূর্বের প্রক্রিয়ার তুলনায় অনেকাংশেই হ্রাস পায় এবং সেবা গ্রহিতাকে উন্নতমানের সেবা প্রদান করা সম্ভবপর হয়।

২৩.১২.২১
নূর মোহাম্মদ
পরিসংখ্যান কর্মকর্তা
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়

২৩/১২/২১
মো: কায়ছার রহমান
পরিচালক
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার